



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প
মাহবুব প্রাজা (৮ম তলা), ২১/এ তোপখানা রোড, ঢাকা-১০০০।

উপজেলা নির্বাহী অফিসার কার্যালয় বাগিয়াসিদ্দিকী, প্রাজা	
প্রাপ্ত নং: ৩২৪৩	তারিখ: ২১/৭/২০২২
অফিস কক্ষ সি.এ. কাম ইউ.ডি.এ ফোনো টাইপিস্ট উচ্চমান সহকারী হিসাব অফিস সহ	১ম পর্ব পেশ কলম প্রতিবেদন দিন মহিলাসহ কলম
উপজেলা নির্বাহী অফিসার	

স্মারক নং- মুবিম/পিডি/অ.বী.মু.আ.নি.প্র/ম-০১/২০২১/৯৭২

তারিখঃ ২৫/০৫/২০২২ খ্রি:

বিষয় : ১ম (1st) ও ২য় পর্যায়ে (2nd Phase) উপজেলা/জেলা/মন্ত্রণালয় কর্তৃক যাচাই-বাছাইকালে বাদ পড়া অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা/যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা/বীরশ্রাঙ্গনা/শহীদ/প্রয়াত মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী বা সন্তানদের ৩য় পর্যায়ে (3rd Phase) বীর নিবাস বরাদ্দ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্পের অধীনে ৩০,০০০ বীর নিবাস নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। তন্মধ্যে ১ম পর্যায়ে ৪২১৪টি বীর নিবাস নির্মাণের জন্য টেন্ডার আহ্বানপূর্বক কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং অধিকাংশ বীর নিবাসের নির্মাণ কাজ সমাপ্তির পথে। ২য় পর্যায়ে টেন্ডার আহ্বান, কার্যাদেশ প্রদান সহ বীর নিবাস নির্মাণ কার্যক্রম চলমান আছে।

সম্বন্ধিত তালিকাভুক্ত না হওয়া, জমির তপসীল না থাকা বা প্রয়োজনীয় পরিমাণ জমি না থাকা, মুক্তিযোদ্ধার তথ্যে গড়মিল, মামলা/মালিকানা/দখল/শরিক সংক্রান্ত জটিলতা, সংশ্লিষ্ট উপজেলায় নিষ্কটক জমি না থাকা/অন্যত্র বসবাস, তপসীল পরিবর্তন ইত্যাদি কারণে ১ম পর্যায়ে উপজেলা/জেলা/মন্ত্রণালয় কর্তৃক যাচাই-বাছাইকালে বাদ পড়া অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের উল্লেখিত ২য় পর্যায়ের তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য পত্র প্রেরণ করা হয়েছিল। ২য় পর্যায়ে যে সকল বীর মুক্তিযোদ্ধা বা উত্তরাধিকারীদের নাম উপর্যুক্ত কারণে উপজেলা/জেলা/মন্ত্রণালয় কর্তৃক যাচাই-বাছাইকালে বাদ পড়েছে বা পড়বে ঐ সকল বীর মুক্তিযোদ্ধা বা উত্তরাধিকারীদের সমস্যার সমাধান সাপেক্ষে একইভাবে ৩য় পর্যায়ে তালিকায় অন্তর্ভুক্ত করে উপজেলা থেকে জেলা এবং জেলা থেকে মন্ত্রণালয়ে তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হবে।

ডিপিপিতে উল্লেখিত বরাদ্দ থেকে ১ম ও ২য় পর্যায়ে বাদ পড়া সংখ্যা এবং মন্ত্রণালয় কর্তৃক বর্ধিত বীর নিবাস বরাদ্দ সংখ্যা (যদি বরাদ্দ দেওয়া হয়) বিবেচনায় নিয়ে চূড়ান্তভাবে তালিকা প্রস্তুত করে প্রেরণের জন্য উপজেলা বাছাই কমিটি বরাবর পত্র প্রেরণ করা হবে। উপজেলা বাছাই কমিটি সকল অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা/যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা/বীরশ্রাঙ্গনা/ শহীদ/প্রয়াত মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী বা সন্তানদের নিকট থেকে আবেদন গ্রহণ করবেন এবং সার্বিক বিষয় ও নির্দেশনা মোতাবেক যাচাই-বাছাই পূর্বক চূড়ান্ত তালিকা প্রস্তুত করে যথারীতি জেলা প্রশাসকের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। উল্লেখ্য যে, জুলাই/২০২২ থেকে ৩য় পর্যায়ের বীর নিবাস নির্মাণ কার্যক্রম শুরু হবে।

এমতাবস্থায়, বিভিন্ন কারণে বাদ পড়া অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা বা উত্তরাধিকারীদের দৃষ্টিভঙ্গির কোন কারণ নেই। ৩য় পর্যায়ে তাঁদের বিষয়টি অগ্রাধিকারভিত্তিতে সমন্বয় করার জন্য অনুরোধ করা হলো।

এম ইদ্রিস সিদ্দিকী

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নং- মুবিম/পিডি/অ.বী.মু.আ.নি.প্র/ম-০১/২০২১/৯৭২

তারিখঃ ২৫/০৫/২০২২ খ্রি:

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১) জেলা প্রশাসক (সকল)।
- ২) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার (সকল)।
- ৫) উপজেলা সমাজসেবা অফিসার (সকল)।
- ৬) অফিস কপি।

এম ইদ্রিস সিদ্দিকী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)